

■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৪৩৭৯

৬৪/ মাগায়ী [যুদ্ধ] (كتاب المغازي)

পরিচ্ছেদঃ ৬৪/৭২. আসওয়াদ 'আনসীর ঘটনা।

بَابِ قِصَّةِ الْأَسْوَدِ الْعَنْسِيِّ

আরবী

قَالَ عَبْيُدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ سَأَلَتْ عَبْدَ اللَّهِ بْنَ عَبَّاسٍ عَنْ رُؤْبَا رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الَّتِي ذَكَرَ فَقَالَ أَبْنُ عَبَّاسٍ ذَكَرَ لِي أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ بَيْنَا أَنَا نَائِمٌ أُرِيْتُ أَنَّهُ وُضِعَ فِي يَدِي سِوَارَانِ مِنْ ذَهَبٍ فَفُظِّعْتُهُمَا وَكَرِهْتُهُمَا فَأَذِنَ لِي فَنَفَخْتُهُمَا فَطَارَا فَأَوْلَتُهُمَا كَذَّابِينَ يَخْرُجُانِ فَقَالَ عَبْيُدُ اللَّهِ أَحَدُهُمَا الْعَنْسِيُّ الَّذِي قَتَلَ فَيُرْوَزُ بِالْيَمَنِ وَالْآخَرُ مُسَيْلَمَةُ الْكَذَابُ.

বাংলা

৪৩৭৯. 'উবাইদুল্লাহ ইবনু 'আবদুল্লাহ (রহ.) বলেন, আমি 'আবদুল্লাহ ইবনু 'আবাস (রাঃ)-কে রাসূলুল্লাহ সান্নাল্লাহু 'আলাইহি ওয়াসান্নাম-এর উল্লেখিত স্বপ্ন সম্পর্কে জিজেস করলাম। তিনি ইবনু 'আবাস (রাঃ) বলেন, [আবু হুরাইরাহ (রাঃ) কর্তৃক] আমাকে বলা হয়েছে যে, রাসূলুল্লাহ সান্নাল্লাহু 'আলাইহি ওয়াসান্নাম বলেছেন, আমি ঘুমাচ্ছিলাম এমতাবস্থায় আমাকে দেখানো হল যে, আমার দু'হাতে দু'টি সোনার কাঁকন রাখা হয়েছে। ও দু'টি আমার কাছে বীভৎস ঠেকল এবং তা অপছন্দ করলাম। আমাকে (ফুঁ দিতে) বলা হলে আমি ও দু'টিতে ফুঁ দিলাম। সে দু'টি উড়ে গেল। আমি এ দু'টির ব্যাখ্যা করলাম যে, দু'টি মিথ্যাচারী (নবী) আবির্ভূত হবে। 'উবাইদুল্লাহ (রহ.) বলেন, এ দু'জনের একজন হল আসওয়াদ আল'আনসী, যাকে ফাইরুয় নামক এক ব্যক্তি ইয়ামানে হত্যা করে আর অপরজন হল মুসাইলামাহ। [৩৬২১] (আধুনিক প্রকাশনীঃ ৪০৩০, ইসলামিক ফাউন্ডেশনঃ ৪০৩৪)

English

I asked Ibn 'Abbas about the dream Allah's Messenger (ﷺ) had mentioned. Ibn 'Abbas said, "Someone told me that the Prophet (ﷺ) said, "When I was sleeping, I saw in a dream that two gold bangles were put in my hands, and that frightened me and made me dislike them. Then I was allowed to blow on them, and when I blew at them, both of them flew. Then I interpreted

them as two liars who would appear.' One of them was Al-`Ansi who was killed by Fairuz in Yemen and the other was Musailima Al-Kadhbab."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ উবাইদুল্লাহ ইবনু আবদুল্লাহ ইবন উত্বাহ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=28855>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন